গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়
সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ
বাজেট শাখা
www.rthd.gov.bd

## বাজেট ব্যবস্থাপনা কমিটি (BMC) এর সভার কার্যবিবরণী

| | | |
|---|---|---|
| সভাপতি | : | এম, এ, এন, ছিদ্দিক<br>সচিব, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ |
| তারিখ | : | ২১.০৫.২০১৫ খ্রিষ্টাব্দ |
| সময় | : | ১১.০০ মিনিট |
| স্থান | : | সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগের সম্মেলন কক্ষ |
| উপস্থিতি | : | পরিশিষ্ট-ক |

উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভাপতি সভার কাজ শুরু করেন। কার্যপত্র অনুসারে আলোচ্যসূচীসমূহ সভায় উপস্থাপনের জন্য অতিরিক্ত সচিব (বাজেট) কে অনুরোধ করেন। অত:পর ২০১৪-১৫ অর্থবছরের এ বিভাগের আওতাধীন অধিদপ্তর/কর্তৃপক্ষ/সংস্থা ও সচিবালয় অংশের ৩য় কোয়ার্টারের বাজেট বাস্তবায়ন অগ্রগতি প্রতেবেদন সভায় উপস্থাপন করা হয়।

**(ক) রাজস্ব প্রাপ্তি:**

১.২ অতিরিক্ত সচিব (বাজেট) সভাকে অবহিত করেন যে ২০১৪-১৫ অর্থবছরে ৩য় কোয়ার্টারে বিআরটিএ, সড়ক ও জনপথ অধিদপ্তর ও সচিবালয় অংশের রাজস্ব প্রাপ্তির অর্জিত হার যথাক্রমে ৭৪%, ৩৭.৫৬% ও ১৭.৭৬% এবং মার্চ ২০১৫ পর্যন্ত এ অর্থবছরের রাজস্ব প্রাপ্তির অর্জন যথাক্রমে ৫৫.৪০%, ৪৩.৫৮% ও ৮.১৫%। বিআরটিএ'র পরিচালক (প্রশাসন) জানান যে লক্ষ্যমাত্রা অত্যাধিক বেশী হওয়ায় তা অর্জন করা সম্ভব হয়না। তবে নির্ধারিত লক্ষ্যমাত্রা অর্জনে সর্বাত্মক প্রচেষ্টা গ্রহণ করা হচ্ছে। সভাপতি সড়ক ও জনপথ অধিদপ্তরের ২০১৪-১৫ অর্থবছরের ৩য় কোয়ার্টারের রাজস্ব প্রাপ্তি অত্যাধিক কম হওয়ায় অসন্তোষ প্রকাশ করেন। তিনি সড়ক ও জনপথ অধিদপ্তরের এনটিআর আদায় কার্যক্রম জোরদার করার জন্য উপসচিব নন-গেজেটেড সংস্থাপন ও এনটিআর অধিশাখাকে প্রয়োজনীয় নির্দেশনা প্রদান করেন। এ বিভাগের হিসাব রক্ষণ কর্মকর্তা জানান যে সচিবালয় রাজস্ব অর্জনের তেমন কোন সুনির্দিষ্ট খাত না থাকায় রাজস্ব অর্জন কম হয়ে থাকে।

**সিদ্ধান্ত:**

১.৩ ৪র্থ কেয়ার্টারের লক্ষ্যমাত্রা তথা চলতি অর্থবছরের সামগ্রিক রাজস্ব প্রাপ্তির লক্ষ্যমাত্রা অর্জনে সংশ্লিষ্ট অধিদপ্তর/কর্তৃপক্ষ/সংস্থাকে আন্তরিক প্রয়াস চালাতে হবে।

**(খ) অনুন্নয়ন ব্যয়:**

২.১ অতিরিক্ত সচিব (বাজেট) জানান যে চলতি অর্থবছরে ৩য় কোয়ার্টারে সওজ অধিদপ্তর কর্তৃক অনুন্নয়ন ব্যয়ের লক্ষ্যমাত্রা অর্জনের হার প্রায় ৭২% যা ২য় কোয়ার্টারের অর্জনের চেয়ে ১৫% কম। তাছাড়া বিআরটিএ, ডিটিসিএ ও সচিবালয় কর্তৃক এ অর্জনের হার হচ্ছে যথাক্রমে ৩৮%, ৩৭% ও ৭৩%। ৩য় কেয়ার্টারের সওজ অধিদপ্তরের অনুন্নয়ন ব্যয়ের ক্ষেত্রে উল্লেখযোগ্য খাত যথা ৪৮১১-ভূমিকর, ৪৮২৭-মুদ্রণ ও বাধাই, ৪৮২৯-গবেষণা ব্যয়, ৪৮৫১-শ্রমিক মজুরী, ৪৯২১-অফিস ভবন মেরামত, ৪৯২৬-আবাসিক ভবন মেরামত, ৪৯৩৬-সড়ক সেতু ও মহাসড়ক মেরামত, ৬৮৪৫-বনায়ন, ৭০১১-বাসভবন নির্মাণ ও ৭০১৬-অন্যান্য ভবন ও অবকাঠামো নির্মান এ আশানুরূপ ব্যয় করা হয়নি। ৪৯৩৬-সড়ক সেতু ও মহাসড়ক মেরামত খাতে মার্চ ২০১৫ পর্যন্ত ক্রমপুঞ্জিত ব্যয়ের অগ্রগতি ৫৯%। এ পর্যায়ে সওজ অধিদপ্তরের পরিচালক (হিসাব ও নিরীক্ষা) জানান যে ভূমিকর, মুদ্রণ ও বাধাঁই, গবেষণা ব্যয় ও শ্রমিক মজুরী খাতে এ অর্থবছরের নির্ধারিত লক্ষ্যমাত্রা অর্জন করা সম্ভব হবে।

(অপর পৃষ্ঠায় দ্রষ্টব্য)

নির্বাহী প্রকৌশলী (রক্ষণাবেক্ষণ সার্কেল) জানান যে ৪৯৩৬-সড়ক সেতু ও মহাসড়ক মেরামত খাতসহ অনুন্নয়ন খাতের অন্যান্য মেরামত ও নির্মান কাজের আর্থিক অগ্রগতির চেয়ে বাস্তব অগ্রগতি অনেক বেশী। ৪র্থ কোয়ার্টারে বেশীর ভাগ কাজের বিল পরিশোধিত হবে। উল্লিখিত খাতসহ সওজ অধিদপ্তরের অনুন্নয়ন খাতের চলতি অর্থবছরের সামগ্রিক ব্যয়ের লক্ষ্যমাত্রা অর্জন করা সম্ভব হবে।

২.২ অতিরিক্ত সচিব (বাজেট) জানান যে বিআরটিএ'র উল্লেখযোগ্য খাতসমূহ যথা ৪৮৫৪-ব্যবহার্য দ্রব্যাদি ক্রয়, ৪৮৭৪-কনসালটেন্সী, ৪৯২১-অফিস ভবন মেরামত, ৬৮১৫-কম্পিউটার ও যন্ত্রাংশ, ৬৮২১-আসবাবপত্র সংগ্রহ ও ৭০০৬ অফিস ভবন নির্মান এ ৩য় কোয়ার্টার মার্চ, ২০১৫ পর্যন্ত ব্যয়ের পরিমান লক্ষ্যমাত্রার চেয়ে অনেক কম। বিআরটিএ'র পরিচালক (প্রশাসন) জানান যে সওজ অধিদপ্তর হতে প্রয়োজনীয় চাহিদা না থাকায় অফিস ভবন খাতে বরাদ্দকৃত ২৭ কোটি টাকা সম্পূর্ণ খরচ করা সম্ভব হবে না। এখাত হতে ১৭ কোটি টাকা সমর্পন প্রস্তাব প্রেরণ করা হবে। এখানে উল্লিখিত খাতসহ অন্যান্য খাতে চলতি অর্থবছরের সংশোধিত বাজেটের লক্ষ্যমাত্রা অনযায়ী ব্যয় করা সম্ভব হবে। সচিবালয়ের ৪৮২৭-মুদ্রণ ও বাধাই, ৪৮৮২-আইন সংক্রান্ত ব্যয়, ৪৮৮৯-অডিট সমীক্ষা ফি, ৬৩০১-অবসর ভাতা, ৬৩১১-আনুতোষিক খাতে মার্চ/২০১৫ পর্যন্ত ক্রমপুঞ্জিত অগ্রগতি আশানুরূপ নয়। যুগ্মসচিব (প্রশাসন) জানান যে অনেক ক্ষেত্রে ক্রয় সম্পন্ন করা হয়েছে কিন্তু বিল পরিশোধ করা হয়নি। চলতি অর্থবছর শেষে সংশোধিত বাজেট মোতাবেক লক্ষ্যমাত্রা অর্জন করা সম্ভব হবে। হিসাব রক্ষণ কর্মকর্তা জানান যে অবসর ভাতা ও আনুতোষিক খাতে বেশীরভাগ অর্থ আগামী জুন মাসে পরিশোধিত হবে। ডিটিসিএ'র মার্চ ২০১৫ পর্যন্ত ক্রমপুঞ্জিত অনুন্নয়ন ব্যয়ের অর্জন ৩৮%। নির্বাহী পরিচালক সভায় জানান যে আদালতের নিষ্পত্তির অপেক্ষায় থাকায় বেতনভাতা খাতে কিছু অতিরিক্ত বরাদ্দ আছে। বেতনভাতা খাত ব্যতীত অন্যান্য খাতে সংশোধিত বাজেটের লক্ষ্যমাত্রা অনুযায়ী ব্যয় করা সম্ভব হবে।

২.৩ সভাপতি সভায় জানান যে সওজ অধিদপ্তরের ভূমি উন্নয়ন করসহ সকল অধিদপ্তর/কর্তৃপক্ষ/সংস্থার গুরুত্বপূর্ণ সরবরাহ ও সেবা খাতের (বিদ্যুৎ বিল, টেলিফোন গ্যাস ও জ্বালানী ইত্যাদি) সকল বকেয়া পরিশোধের মাধ্যমে হালনাগাদ করতে হবে।

**<u>সিদ্ধান্ত:</u>**

২.৪ ১। অধিদপ্তর/কর্তৃপক্ষ/সংস্থাকে চলতি অর্থবছরের সংশোধিত বাজেটের অনুন্নয়ন ব্যয়ের লক্ষ্যমাত্রা অর্জন . করতে হবে।

২। অধিদপ্তর/কর্তৃপক্ষ/সংস্থার খাতসমূহের মধ্যে প্রয়োজনীয় উপযোজনের প্রস্তাব দ্রুত এ বিভাগে প্রেরণ করতে হবে।

৩। অধিদপ্তর/কর্তৃপক্ষ/সংস্থা ভূমি উন্নয়ন করসহ সরবরাহ ও সেবা খাতের সকল বকেয়া পাওনা পরিশোধের প্রয়োজনীয় ব্যবস্থা করবে।

**<u>উন্নয়ন ব্যয়:</u>**

৩.১ অতিরিক্ত সচিব (বাজেট) সভায় জানান যে সওজ অধিদপ্তর ৩য় কোয়ার্টারের লক্ষ্যমাত্রার প্রায় ৭২% মার্চ, ২০১৫ পর্যন্ত অর্জন করেছে। মার্চ, ২০১৫ পর্যন্ত সংশোধিত ADP'র ক্রমপুঞ্জিত অগ্রগতি ৪৬%। সওজ অধিদপ্তরের তত্ত্বধায়ক প্রকৌশলী (পরিকল্পনা ও কার্যক্রম সার্কেল) চলতি অর্থবছরের সংশোধিত বার্ষিক উন্নয়ন কর্মসূচী'র লক্ষ্যমাত্রা বাস্তবায়ন করা সম্ভব হবে। সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগের যুগ্মপ্রধান জানান যে আন্ত: প্রকল্পের মধ্যে উপযোজন করার মাধ্যমে সংশোধিত ADP বাস্তবায়ন করা হবে। বিআরটিএ'র একটি মাত্র প্রকল্পের সংশোধিত ADP'র মার্চ-২০১৫ পর্যন্ত অগ্রগতি ৯৭%। বিআরটিসি'র একটি মাত্র প্রকল্প এ অর্থবছরে ইতোমধ্যে সমাপ্ত হয়েছে। ঢাকা ম্যাস র‍্যাপিড ট্রানজিট ডেভেলপমেন্ট প্রজেক্ট (ডিএমআরটিডিপি) এর জন্য চলতি অর্থবছরে নির্ধারিত লক্ষ্যমাত্রা ৩৮০ কোটি টাকার ৭৬% মার্চ, ২০১৫ পর্যন্ত ব্যয় করা সম্ভব হয়েছে। প্রকল্পের জিএম (প্রশাসন) জানান যে অবশিষ্ট অব্যয়িত সম্পূর্ণ অর্থ চলতি অর্থবছরেই ব্যয় করা সম্ভব হবে।

(অপর পৃষ্ঠায় দ্রষ্টব্য)

সিদ্ধান্ত:

৩.২ ১। চলতি অর্থবছর ২০১৪-১৫ এর সংশোধিত বার্ষিক উন্নয়ন কর্মসূচী অনুযায়ী অধিদপ্তর/কর্তৃপক্ষ/সংস্থা কর্তৃক অর্থ ব্যয় নিশ্চিত করতে হবে।

২। প্রয়োজন অনুযায়ী আন্ত:প্রকল্পের উপযোজনের মাধ্যমে সংশোধিত বার্ষিক উন্নয়ন কর্মসূচীর বাস্তবায়ন শতভাগ নিশ্চিত করার জন্য যুগ্মপ্রধান ব্যবস্থা গ্রহণ করবেন।

আলোচ্যসূচীতে আর কোন বিষয় অন্তর্ভূক্ত না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষনা করেন।

সাক্ষরিত/-
২৬-০৫-২০১৫
(এম, এ, এন, ছিদ্দিক)
সচিব

নং-৩৫.০০.০০০০.০৪৭.২০.০২৭.১৪(অংশ)-১২৭

তারিখঃ ২৭ মে ২০১৫ / ১৩ জ্যৈষ্ঠ ১৪২২

বিতরণঃ পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য(জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

০১। সচিব, আইএমইডি, শেরেবাংলা নগর, ঢাকা
০২। সদস্য, ভৌত অবকাঠামো বিভাগ, পরিকল্পনা কমিশন, শেরেবাংলা নগর, ঢাকা
০৩। সদস্য, কার্যক্রম বিভাগ, পরিকল্পনা কমিশন, শেরেবাংলা নগর, ঢাকা
০৪। অতিরিক্ত সচিব/অতিরিক্ত সচিব (প্রশাসন/বাজেট), সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ
০৫। চেয়ারম্যান, বাংলাদেশ সড়ক পরিবহন কর্তৃপক্ষ, এলেনবাড়ী, তেজগাঁও, ঢাকা
০৬। নির্বাহী পরিচালক, ঢাকা পরিবহন সমন্বয় কর্তৃপক্ষ, নগর ভবন, ঢাকা
০৭। প্রধান প্রকৌশলী, সড়ক ও জনপথ অধিদপ্তর, তেজগাঁও, ঢাকা
০৮। প্রকল্প পরিচালক, ঢাকা ম্যাস র‌্যাপিড ট্রান্জিট ডেভেলপমেন্ট প্রজেক্ট ইস্কাটন গার্ডেন, ঢাকা
০৯। যুগ্মসচিব (উন্নয়ন/প্রশাসন)/যুগ্ম প্রধান, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ, সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়
১০। যুগ্মসচিব (বাজেট-৫), অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়
১১। উপসচিব( নন-গেজেটেড সংস্থাপন ও এনটিআর, অধিশাখা) সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ
১২। উপসচিব (বাজেট ও অডিট), সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ, সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়
১৩। উপসচিব, বাজেট শাখা-১৬ অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়
১৪। পরিচালক (নিরীক্ষা ও হিসাব), সড়ক ও জনপথ অধিদপ্তর, তেজগাঁও, ঢাকা
১৫। তত্ত্বাবধায়ক প্রকৌশলী, সওজ, (পরিকল্পনা ও কার্যক্রম সার্কেল/রক্ষণাবেক্ষণ সার্কেল), তেজগাঁও, ঢাকা
১৬। প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা, সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়, সিজিএ ভবন, সেগুনবাগিচা, ঢাকা
১৭। জনাব.............................................................।

২৭।৫।২০১৫
(অপূর্ব কুমার মন্ডল)
সিনিয়র সহকারী সচিব
ফোন: ৯৫৫৫৩২৩
ই-মেইল : sasbudget@rthd.gov.bd

অনুলিপিঃ

০১। সচিব মহোদয়ের একান্ত সচিব, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ, সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়
০২। অফিস কপি।

D:\badget new letter\BMC সভার কার্যবিবরনী.doc